শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

পৌলের আশ্চর্যজনক ভ্রমণ

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest
অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

পৌল ও সীল যীশুর শিষ্য।
তারা কারাগারে ছিল। না,
তারা কোনও ভুল করেনি।
তারা এক মহিলার মধ্যে
থেকে ভূত ছাড়িয়েছিল।
তারা ফিলিপীতে প্রতিমা
পূজাকারীদের সত্য ঈশ্বরের
শক্তি ও তাঁর পুত্র যীশুকে
দেখিয়েছিল।
যার জন্য
তাদেরকে
গ্রেপ্তার,
বেত্রাঘাত ও
বন্দী করা
হয়েছিল।



তুমি হয়তো ভাবছ যে, পৌল ও সীল ক্রুদ্ধ ও তিক্ত হয়েছিলেন। কিন্তু তারা তা হননি। বরং তারা মধ্য রাতে উঠে ঈশ্বরের স্তুতি ও প্রশংসা করেছিলেন। সমস্ত বন্দী ও কারাগার রক্ষীরা সেটা শুনেছিল।



হঠাৎ গান বন্ধ হয়ে গেল। ঈশ্বর এক ভূমিকম্প এনে বন্দীদের জাগিয়ে তুললেন। সমস্ত দরজা খুলে গেল। প্রত্যেকের শৃঙ্খল খুলে গেল।





ওঃ, ওঃ! কারাপাল নিশ্চিত ছিল যে, এই হট্টগোলের মধ্যে সমস্ত বন্দীরা পালিয়ে গেছে। একজন বন্দী পালিয়ে গেলে কারাপালের মৃত্যু অনিবার্য ছিল। দুঃখিতভাবে কারাপাল তার তরবারি বার করল। বোধহয় নিজেকে হত্যা করে শেষ করে দিতে চাইছিল।

কিন্তু পৌল চিৎকার করে উঠল, “নিজের প্রতি কোনও ক্ষতি কোরো না। আমরা সকলে এখানে”। কারাপাল যখন তাদের দেখল, তিনি বললেন, “মহাশয়, পরিত্রাণ পেতে গেলে আমায় কী করতে হবে?” তারা বলল, “প্রভু যীশুতে বিশ্বাস কর ও তাহলে তুমি ও তোমার পরিবার পরিত্রাণ পাবে”। আনন্দ সহকারে কারাপাল যীশুতে বিশ্বাস করল।



পরের দিন তাদের ছেড়ে দেওয়া হলে, পৌল ও সীল অনেক শহরে গিয়ে লোকদের যীশু সম্বন্ধে প্রচার করেছিলেন। কিছু লোক বিশ্বাস করেছিলেন, আর অন্যরা আঘাত দিয়েছিল। কিন্তু ঈশ্বর তাদের সঙ্গে ছিলেন। এক রাতে পৌল প্রায় ঘণ্টা খানেক প্রচার করেছিলেন। এক যুবক ঘুমন্ত অবস্থায় খালি জানলা দিয়ে পড়ে গেল। তুমি অনুমান করতে পার কী হয়েছিল।

সবাই ভেবেছিল, যুবকটি মারা গেছে। পৌল নিচে গিয়ে তাকে জড়িয়ে ধরে বললেন, “ওর জীবন এখনও আছে”। তিনি যুবকটির জীবন ফিরিয়ে দিলেন। তারা অনেক আনন্দিত হয়েছিল।

ইউরোপ ভ্রমণ করার সময়, পৌল ও সীলের সঙ্গে অনেক রোমাঞ্চকর ঘটনা ঘটেছিল। পৌলের সবচেয়ে বড়ো রোমাঞ্চকর ঘটনা ঘটেছিল, যখন তিনি জাহাজে করে ভ্রমণ করছিলেন। সেটা স্টীলের জাহাজ ছিল না, কিন্তু পাল তোলা জাহাজ ছিল, যা ঝড়েতে সহজেই ভেঙে যেতে পারে।





পৌল সেই জাহাজে ছিলেন, কারণ তিনি আবার গ্রেপ্তার হয়েছিলেন। এখন তাকে রোমের সম্রাটের সামনে উপস্থিত হতে হবে। রোম শহর হল পৃথিবীর রাজধানী। প্রচণ্ড বাতাস জাহাজের গতিকে ধীর করে দিল। এটা মনে হচ্ছিল যে, সামনে ভীষণ ঝড় রয়েছে। পৌল, অন্যান্য বন্দী ও অন্য যাত্রীদের কাছে এটা এক কঠিন ভ্রমণ ছিল।

পৌল সতর্ক করে দিল, “মহাশয়েরা, আমি বুঝতে পারছি যে, এই ভ্রমণটা শেষে এক মর্মান্তিক মোড় নেবে”। নাবিকরা তার কথায় গ্রাহ্য করল না। তারা সমুদ্রের মাঝখানে চলে গেল। যখন ভীষণ ঝড় উঠল, তারা চারিদিকে দড়ি দিয়ে জাহাজটা ঘিরে দিল, ভাবল যে, এটা ভেঙ্গে যাওয়া থেকে বাঁচাবে। যদি জাহাজ ভাঙ্গে, তাহলে তাদের সবাইয়ের জন্য সলিল সমাধি রয়েছে।



জাহাজ এতই চ্যাপ্টা হয়ে যাচ্ছিল যে, নাবিক সবাইকে জিনিস ফেলে হালকা করতে বলল। তৃতীয় দিনে তারা তাদের সাজসরঞ্জাম জাহাজের বাইরে ফেলে দিল, হয়তো এটা তাদের সাহায্য করবে।

রাতের সময় এক স্বর্গদূত পৌলের পাশে দাঁড়িয়ে বললেন, সব ঠিক হয়ে যাবে। পৌল যখন লোকদের বলল, “সাহস কর, আমি ঈশ্বরে বিশ্বাস করি, স্বর্গদূত যা বলেছেন, তাই হবে। আমাদেরকে কাছাকাছি কোনও দ্বীপে যেতে হবে”। এই কথা শোনার পর অন্যরা উৎসাহিত হল।



কিছুদিন পরে মিলিতা নামক দ্বীপের কাছে জাহাজটা ভেঙ্গে গেল। পাথরের সাথে ধাক্কা লেগে জাহাজটা চুরমার হয়ে গেল। নাবিক আদেশ করল, যারা সাঁতার জান, তারা প্রথমে জাহাজ থেকে নেমে দ্বীপের দিকে যাও। বাদবাকি নিরাপদে পার হয়েছিল, কেউ জাহাজে ও কেউ ভাঙ্গা কাঠের উপর চড়ে।



মিলিতা দ্বীপে ঈশ্বর তাঁর পরাক্রম দেখালেন। যকন তারা আগুন জ্বালানোর জন্য কাঠ সংগ্রহ করছিল, একটি বিষাক্ত সাপ পৌলকে কামড়ালো। লোকেরা ভাবল যে, তিনি মারা যাবেন। কিন্তু বিষাক্ত সাপের কামড়ে পৌলের কিছু হল না। তখন তারা ভাবল যে, পৌল একজন দেবতা। অনেক রোগগ্রস্থ লোক তাঁর কাছে এল ও পৌলের প্রার্থনার মাধ্যমে ঈশ্বর তাদের সুস্থ করলেন।



অবশেষে, পৌল রোমে পৌঁছালেন। দুই বছরের বেশি সময় লেগে গিয়েছিল তার আইনি শুনানি। সেই সময়ে পৌল একটি ঘর ভাড়া করে লোকদের সাথে দেখা করতেন। তুমি কি জান পৌল লোকদেরকে কী বিষয়ে বলেছিল? ঈশ্বরের রাজ্য সম্বন্ধে! প্রভু যীশু সম্বন্ধে! অন্যান্য যাত্রার মতো, ঈশ্বরের সেবক পৌল রোমেও ছিলেন।

পৌল রোম থেকে লিখলেন, “আমি উত্তম লড়াই লড়েছি। আমি দৌড়ানো সমাপ্ত করেছি। আমি আমার বিশ্বাস রেখেছি”। পৌলের মৃত্যু কীভাবে হয়েছিল, সে বিষয়ে বাইবেল আমাদের জানায় না, কিন্তু অন্য লেখাতে পাওয়া যায় যে, রোম সম্রাট নীরোর আদেশে তাঁর মুণ্ডু কাটা হয়েছিল। পৌল যেমন জীবনযাপন করত, ঠিক সেইভাবে মারা গিয়েছিল - ঈশ্বরের বিশ্বস্ত সেবক ও যীশু খ্রীস্টের প্রচারক হিসাবে।

পৌলের আশ্চর্যজনক ভ্রমণ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

প্রেরিত ১৬, ২৭, ২৮

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬